# উপজেলা পরিষদ
ফেঞ্চুগঞ্জ, সিলেট

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## উপজেলা পরিষদের মার্চ ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ নূরুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার স্থান ঃ উপজেলা পরিষদের সভাকক্ষ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার তারিখ ও সময় ঃ ১৩-০৩-২০২৩ খ্রি. দুপুরঃ ১২:০০

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট- 'ক'

অদ্যকার সভার সভাপতি সভায় উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন।

### আলোচ্য বিষয় অনুযায়ী/ বিভাগওয়ারী আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন নিম্নরূপঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দ জানান যে, ফেব্রুয়ারি ২০২৩ মাসের সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে কোন আপত্তি/সংশোধন নেই। | কোন আপত্তি/সংশোধন না থাকায় বিগত ফেব্রুয়ারি ২০২৩ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয় | মুখ্য নির্বাহী কর্মকর্তা ফেঞ্চুগঞ্জ |
| ০২ | উপজেলার কমিটিসমূহের সুপারিশ | উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা আহ্বানের বিষয়ে আলোচনা হয়। | উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা অনুষ্ঠান ও সভার কার্যবিবরণী যথানিয়মে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | সভাপতি ও সদস্য সচিব সংশ্লিষ্ট সকল স্থায়ী কমিটি |
| ০৩ | সকল দপ্তরের সর্বশেষ সার্কুলার উপস্থাপন ও পর্যালোচনা | মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিভিন্ন দপ্তরে প্রেরিত সার্কুলার উপজেলা পরিষদ সভায় অবহিত করার বিষয়ে আলোচনা হয়। | বিভিন্ন দপ্তরে প্রেরিত মন্ত্রণালয়/বিভাগীয় সর্বশেষ সার্কুলার উপজেলা পরিষদের সভায় নিয়মিত উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ০৪ | স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি ডাঃ রাশেদ সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিকল্পনা অফিসারের প্রতিনিধি জনাব মোঃ আব্দুল মুকিত, সহকারী পরিকল্পনা অফিসার সভায় জানান বর্তমানে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহনকারীর হার ৭৪.৩৬% উন্নীত হয়েছে। তাছাড়া গত মাসে মাইজগাঁও মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ৩টি স্বাভাবিক প্রসব সেবা সম্পন্ন হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার প্রতিনিধি সভায় জানান বোরো ধান ফসল মাঠে রয়েছে। তৈল জাতীয় ফসল সরিষা দানা ফসল গম কর্তন শুরু হয়েছে। আউশ প্রণোদনা কর্মসূচীর আওতায় কৃষক/কৃষানীর অগ্রাধিকার তালিকা প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রকৃত কৃষদের নামের তালিকা প্রস্তুত করার জন্য অনুরোধ করা হয় এবং দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৭ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ অফিসার ডা. জামিল আহমেদ সভায় জানান ২৫ শে মার্চ ২০২৩ পর্যন্ত প্রাণিসম্পদ সেবা সপ্তাহ উদযাপিত হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |

চলমানপাতা-০২

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান রাজস্ব বাজেটের আওতায় ৩নং ঘিলাছড়া ইউনিয়নের ২০জন মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিল নার্সারী ও প্রদর্শনী খামার স্থাপনের লক্ষ্যে স্থান নির্বাচনের কাজ চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ০৯ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তয়বায়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন প্রকল্পে ৫৯৯ জন উপকারভোগীর বরাদ্দ পাওয়া গেছে। বর্তমানে অত্র উপজেলার তিনটি চা বাগানের স্থায়ী কর্মীদের MIS ডাটাবেস এর কাজ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১১ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান গত ১২/০৩/২০২৩ হতে ১৪/০৩/২০২৩ তারিখ পর্যন্ত জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৩ এর কার্যক্রম চলমান রয়েছে। যথাযথ মর্যাদার সহিত চলিত মাসের দিবসগুলো বিদ্যালয়গুলোতে পালিত হচ্ছে। নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করা যাচ্ছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়কের প্রতিনিধি সভায় জানান মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি মাসের ন্যায় মার্চ মাসেও উপকারভোগীদের ডাটা এন্ট্রি ও অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১৩ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসারের প্রতিনিধি সভায় জানান জনবল সংকটের কারনে অফিসের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৪ | জনস্বাস্থ্য বিভাগ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় নিম্নে চলমান কাজের বিবরণ তুলে ধরেন: ১। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের (৩য় পর্যায়ের) আওতায় বরাদ্দকৃত ১৩০টি নলকূপ এর মধ্যে ১১২টি নলকূপ স্থাপন করা হয়েছে। অবশিষ্ট কাজ চলমান। ২। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের (৪র্থ পর্যায়ের) আওতায় বরাদ্দকৃত ১৩০টি নলকূপ এর বরাদ্দ পাওয়া গিয়াছে। উজেলা ওয়াটসান কমিটি থেকে ৫০% তথা ৬৫টি নলকূপের তালিকা পাওয়া গেলে ঠিকাদার কর্তৃক দ্রুত কাজ শুরু করা হবে। ৩। "হাওর অঞ্চলে টেকসই পানি সরবাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প" (২য় পর্যায়) এর আওতায় বরাদ্দকৃত ৭৯টি নলকূপ এর মধ্যে ৬৬টি নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট কাজ চলমান। ৪। "হাওর অঞ্চলে টেকসই পানি সরবাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প" (৩য় পর্যায়) এর আওতায় বরাদ্দকৃত ১৭০টি নলকূপ এর মধ্যে ১৬০টি নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট কাজ চলমান। ৫। "হাওর অঞ্চলে টেকসই পানি সরবাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প"(৪র্থ পর্যায়) ৩১১টি নলকূপ এর মধ্যে ০৮টি নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট কাজ চলমান। ৬। "হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নযনন প্রকল্প" এর আওতায় বরাদ্দকৃত ইম্প্রুভড ল্যাট্রিন এর মধ্যে ০৯টি নির্মাণ কাজ চলমান। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৫ | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় ২০২২-২০২৩ইং অর্থ বৎসরের স্কীমসমূহ চুড়ান্ত হযেছে অতিদ্রুত টেন্ডার কার্যক্রম শুরু করা হবে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী ফেঞ্চুগঞ্জ |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১৭ | বিআর ডিবি বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৯ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ২০ | বন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা ভারপ্রাপ্ত নার্সারী কর্মকর্তা |

চলমান পাতা ০৩

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | পল্লী সঞ্চয় ব্যাংক | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ফেঞ্চুগঞ্জ সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়। | সমন্বয়কারী পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২২ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ফেঞ্চুগঞ্জ |
| ২৩ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশ |
| ২৪ | তথ্য আপা | তথ্য সেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়। | তথ্য আপা ফেঞ্চুগঞ্জ, সিলেট |
| ২৫ | বিবিধ-০১ | **ক) সম্মানী ভাতা সংক্রান্তঃ** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ এর মার্চ ২০২৩ মাসের সম্মানী ভাতা ও বাসা ভাড়া বাবদ ৪৫,০০০/-, উপজেলা ভাইস চেয়ারম্যান মার্চ ২০২৩ মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/- উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের মার্চ ২০২৩ মাসের সম্মানী ভাতা মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/-<br>খ) **মালী ও সুইপার দৈনিক ভিত্তিতে মজুরি প্রদানঃ** উপজেলা পরিষদের একজন মালী ৫৫০/-টাকা হারে মার্চ ২০২৩ মাসের ২৭দিনের মজুরী বাবদ ১৪,৮৫০/- এবং একজন সুইপারের ৫৫০/- টাকা হারে মার্চ ২০২৩ মাসের ২৭দিনের মজুরী বাবদ ১৪,৮৫০/- প্রদানের জন্য সভায় আলোচনা করা হয়।<br>**গ) আপ্যায়ন বিল সংক্রান্তঃ** মার্চ ২০২৩ মাসের উপজেলা পরিষদ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভার আপ্যায়ন বিল বাবদ ৩০,০০০/-(ত্রিশ হাজার) ব্যয় করার জন্য আলোচনা করা হয়।<br>**ঘ) আনুষাঙ্গিক ব্যয় সংক্রান্তঃ** উপজেলা পরিষদের অফিস সামগ্রী স্টেশনারী ও আনুষাঙ্গিক মার্চ ২০২৩ মাসের ব্যয় বাবদ ৫,০০০/- করার জন্য সভায় আলোচনা করা হয়। | উপজেলা রাজস্ব তহবিল হতে সম্মানী ভাতা বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা রাজস্ব তহবিল হতে দৈনিক ভিত্তিতে মজুরি বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা রাজস্ব তহবিল হতে আপ্যায়ন বিল ও স্টেশনারী বিল প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| | বিবিধ-০২ | **ঙ) জাতীয় দিবসের বিল সংক্রান্তঃ** উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ী জাতীয় দিবস উদযাপন বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করা যাবে সে মোতাবেক ফেঞ্চুগঞ্জ উপজেলায় ২৬ শে মার্চ মহান স্বাধীনতা দিবস ২০২৩ উদ্‌যাপন সুন্দর ও সুষ্ঠুভাবে পালন করার লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন অনুষ্ঠানসমূহ জাঁকজমকপূর্ণভাবে পালনের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অগ্রিম উত্তোলণ করা প্রয়োজন এবং পরবর্তীতে বিলভাউচার সমন্বয় করা হবে বলে সভায় আলোচনা করেন। আলোচনান্তে অনুষ্ঠান সুন্দর ও সুষ্ঠুভাবে পালনের জন্য সবাই একমত পোষন করেন। | ২৬ শে মার্চ মহান স্বাধীনতা দিবস ২০২৩ উদ্‌যাপন এর ব্যয় লক্ষ্যে অগ্রিম উত্তোলণ বাবদ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা জনাব সৌরভ চৌধুরী সৈকত, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নিবার্হী অফিসারের কার্যালয়, ফেঞ্চুগঞ্জ এর নামে চেক প্রদান করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ফেঞ্চুগঞ্জ |
| | বিবিধ-০৩ | **চ) উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনে ২৫কিঃওঃ (১/৩ ফেজ) লোডে বিদ্যুৎ সংযোগের বিল প্রদান পরিশোধ সংক্রান্তঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনে ২৫কিঃওঃ (১/৩ ফেজ) লোডে বিদ্যুৎ সংযোগ করা হয়েছে। উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনে ২৫কিঃওঃ (১/৩ ফেজ) লোডে বিদ্যুৎ সংযোগের ব্যয় বাবদ আবেদন ফি+ভ্যাট ৩৪৫/-, ২৫কিঃওঃ (১/৩ ফেজ) লোডের জন্য ২০,০০০/-, সদস্য ফি ৫০/- সর্বমোট (৩৪৫+২০,০০০+৫০)=২০,৩৯৫/-(বিশ হাজার তিনশত পঁচানব্বই) টাকা ব্যয় করা হয়েছে। উক্ত পরিশোধ করার জন্য সভায় আলোচনা করেন। আলোচনান্তে সবাই একমত পোষন করেন। | সভায় আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০,৩৯৫/-(বিশ হাজার তিনশত পঁচানব্বই) টাকা টাকার বিল পরিশোধের নিমিত্তে পল্লী বিদ্যুৎ সমিতি সিলেট-১ নামে চেক প্রদান করার জন্য সর্বম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| | বিবিধ-০৪ | **জ) আবাসিক টুইন কোয়ার্টারের বাসা মেরামতের বিল সংক্রান্তঃ** উপজেলা প্রকৌশলী সভায় উত্থাপন করেন উপজেলা পরিষদের আবাসিক টুইন কোয়ার্টারের বাসা নং-১/সি এর বসবাসরত জনাব মোছাঃ শামিমা আক্তার, পানির পাইপ, দরজা জানালা মেরামতের বিল বাবদ ১১,৮৭০/-(এগারো হাজার আটশত সত্তর) টাকা বিল পরিশোধের জন্য বিলভাউচারসহ আবেদন দাখিল করেছেন। সভায় আলোচনান্তে উক্ত বিল পরিশোধ করার জন্য সবাই একমত পোষন করেন। | সভায় আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে উক্ত বিল পরিশোধের নিমিত্তে আবেদনকারীর নামে ভ্যাট আইটিসহ ১১,৮৭০/-(এগারো হাজার আটশত সত্তর) টাকার চেক প্রদান করার জন্য সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

চলমান পাতা-০৪

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ-০৫ | **<u>ছ) পল্লী বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্তঃ</u>** অদ্যকার সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট সভাকে জানান যে, পল্লী বিদুৎ অফিস হতে উপজেলা পরিষদ ও রাস্তার বাতি এর বকেয়া বিদুৎ বিল পরিশোধের জন্য বিল দাখিল করা হয়েছে। উক্ত বিদুৎ বিলগুলো হলোঃ<br>১। হিসাব নং ৫০১-২১৬০ এর অনুকুলে সেপ্টেম্বর/২২ মাসের বিল ৩,০৪৮/- অক্টোবর/২২ মাসের বিল ৩,২১০/-, নভেম্বর/২২ মাসের বিল ২,৬৬৯/-, ডিসেম্বর ২০২২ মাসের বিল ২,২৯১/- ও জানুয়ারি ২০২৩ মাসের বিল ২,৫৬১/- এবং ফেব্রুযারি ২০২৩ মাসের বিল ২,৯১৫/- সর্বমোট বকেয়াসহ ছয় মাসের ১৬,৬৯৪/- (ষোল হাজার ছয়শত চুরানব্বই) টাকা<br>২। হিসাব নং ঃ ৬০৫-৬৯২০ এর অনুকূলে আগস্ট/২২ মাসের বিল ৩,৮৭৩/-, সেপ্টেম্বর/২২ মাসের বিল ৩,৪৬৯/-,অক্টোবর/২২ মাসের বিল ৩,৮৭৩/-, নভেম্বর/২২ মাসের বিল ৩,৪৬৯/-, ডিসেম্বর ২০২২ মাসের বিল ৩,৯৫৪/-, জানুয়ারি ২০২৩ মাসের বিল ৩,৮৬৯/- এবং ফেব্রুয়ারি ২০২৩ মাসের ৩,৬৪১/- মোট ২৬,১৪৮/- (ছাব্বিশ হাজার একশত আটচল্লিশ) টাকা<br>৩। উপজেলা পরিষদ নতুন হিসাব নং ঃ ৬০৮-১৫৮০ এর অনুকূলে জানুয়ারি ২০২৩ মাসের বিল ৪,৬৯৯/-(চার হাজার ছয়শত নিরানব্বই) টাকা। সর্বমোট ০৩টি হিসাবের বিদ্যুৎ বিল বাবদ (১৬,৬৯৪ +২৬,১৪৮ +৪,৬৯৯)=৪৭,৫৪১/-(সাত চল্লিশ হাজার পাঁচশত একচল্লিশ) টাকা উক্ত বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য সভায় আলোচনা করেন। | সভায় আলোচনান্তে উক্ত দুটি হিসাবের পল্লী বিদ্যুৎ বিল বাবদ (১৬,৬৯৪+২৬,১৪৮+৪,৬৯৯)=৪৭,৫৪১/- (সাত চল্লিশ হাজার পাঁচশত একচল্লিশ) টাকার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| | বিবিধ-০৬ | **জ) জীপ গাড়ির জ্বালানী বিল প্রদানঃ** উপজেলা চেয়ারম্যানের ব্যবহৃত জীপ গাড়ির জ্বালানী বিল বাবদ অক্টোবর ২০২২ মাসের সিএনজি জ্বালানী বিল বাবদ ৮,৮৮৫/-,উক্ত মাসের ১১লি. অকটেন বাবদ ১,৪৩০/-, নভেম্বর ২০২২ মাসের ৮,৯৭০/-,উক্ত মাসের ২ক্যান মবিল বাবদ ৬,১৮০/-,ডিসেম্বর ২০২২ মাসের ৮,৯৮৭/-, উক্ত মাসের ১১লি. অকটেন বাবদ ১,৪৩০/- জ্বালানী বিল বাবদ ~~বিল বাবদ~~ (৮,৮৮৫+১,৪৩০+৮,৯৭০+ ৬,১৮০+৮,৯৮৭+১,৪৩০)=৩৫,৮৮২/-(পঁয়ত্রিশ হাজার আটশত বিরাশি) টাকা বিল পরিশোধ করার জন্য সভায় আলোচনা করেন। উক্ত বিল পরিশোধ করার জন্য সবাই একমত পোষন করেন। | সভায় আলোচনান্তে সিএনজি, লুব্রিকেন্ট, অকটেন ও মবিল এর জ্বালানী বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভা সর্বস্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| | বিবিধ-০৭ | **<u>উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনে স্ব-স্ব দপ্তরে বিদ্যুৎ সংযোগঃ</u>** অদ্যকার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ সভায় জানান উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনে উপজেলা চেয়ারম্যান নামে মিটার হতে অন্যান্য দপ্তরে বিদ্যুৎ ব্যবহার করছেন যার ফলে উক্ত মিটারের বিপরীতে বিদ্যুৎ বিল বেশি আসছে। তিনি বলেন সরকারিভাবে সকল দপ্তরের জন্য আলাদাভাবে বিদ্যুৎ বিল পরিশোধে ব্যবস্থা রযেছে। কিন্তু মৌখিকভাবে বার বার বলার পরও নতুন ভবনে বরাদ্দকৃত দপ্তরসমূহ নিজ দপ্তরের নামে এখনও মিটার স্থাপন করছেন না। তাই আগামী ৩০/০৩/২০২৩ তারিখের মধ্যে নিজ নিজ দপ্তরের নামে মিটার স্থাপন না করা হলে উপজেলা চেয়ারম্যান নামের মিটার হতে অন্যান্য দপ্তরসমূহের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হবে বলে সভায় আলোচনা করেন। | সভায় আলোচনান্তে আগামী ৩০/০৩/২০২৩ তারিখের মধ্যে নিজ নিজ দপ্তরের নামে মিটার সংযোগ না করা হলে উপজেলা চেয়ারম্যান নামে মিটারে সংযোগকৃত সকল বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার জন্য সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, সিলেট-০১ জোনাল অফিস, ফেঞ্চুগঞ্জ ও সংশ্লিষ্ট দপ্তর ফেঞ্চুগঞ্জ |

**<u>সভাপতির সমাপনী বক্তব্য</u>** ঃ অদ্যকার সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউ.পি চেয়ারম্যান, সদস্যবৃন্দ ও উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জানান। তিনি পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন এবং ফেঞ্চুগঞ্জ উপজেলার উন্নয়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান। তিনি ২০২২-২৩ অর্থ বছরের অনুমোদিত প্রকল্পসমূহ অতিদ্রুত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ও উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা অনুসরণ করে এবং সংশ্লিষ্ট আইন/বিধিমালা/নীতিমালা অনুসারে স্বচ্ছতার মাধ্যমে উপজেলা পরিষদের কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। তিনি বর্তমান সরকারের উন্নয়নের ধারাকে গতিশীল ও স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নূরুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফেঞ্চুগঞ্জ, সিলেট
০১৭১১-৮৬৬৭৯২
E-mail: upazilaparishadfenchu1990@gmail

চলমানপাতা -০৫

স্মারক নং ০৫.৪৬.৯১৩৫.০০০.০৬.০০১.২৩.২৪২ তারিখঃ ২০ মার্চ ২০২৩

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল

০১. মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা, ২৩১, সিলেট-৩
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫. জেলা প্রশাসক, সিলেট
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশা.সকের কার্যালয়, সিলে
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৮. উপজেলা.......................................... অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৯. চেয়ারম্যান/ ফেঞ্চুগঞ্জ/মাইজগাঁও/ ঘিলাছড়া/ উত্তর কুশিয়ারা/ উত্তর ফেঞ্চুগঞ্জ ইউনিয়ন পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
১০. জনাব ................................................., সংরক্ষিত আসনের মহিলা সদস্য, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

20/03/2023

(ফারজানা প্রিয়াংকা)
উপজেলা নির্বাহী অফিসার
ফেঞ্চুগঞ্জ, সিলেট
☎০২৯৯-৬৬৪৬৭০২
📱 ০১৭৩০৩৩১০৩৪

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব মোঃ জাহিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | জনাব মোছাঃ মোহিনী বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | জনাব লেইচ চৌধুরী, চেয়ারম্যান, ৩নং ঘিলাছড়া ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | জনাব আহমদ জিলু, চেয়ারম্যান, ৪নং উত্তর কুশিয়ারা ইউপি, ফেঞ্চুগঞ্জ |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব সীমা শারমিন, উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি ডা. রাশেদ, ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | জনাব উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতার প্রতিনিধি জনাব আব্দুল মুকিত সহকারী পরিবার পরিকল্পনা কর্মকতা, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | ডা. ইকবাল হোসেন, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০৫ | জনাব ফারহানা বিনতে রশিদ, উপজেলা মৎস্য অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৬ | জনাব সুব্রত দেবনাথ, উপজেলা কৃষি অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৭ | জনাব সুদর্শন সরকার, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফেঞ্চুগঞ্জ |
| ০৮ | জনাব জনি রঞ্জন দে, উপজেলা সমাজসেবা অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৯ | উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি, ফেঞ্চুগঞ্জ |
| ১০ | জনাব সৈয়দ নূরুল হুদা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ১১ | জনাব আব্দুল্লাহ, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফেঞ্চুগঞ্জ |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি |
| ১৩ | জনাব আব্দুল্লাহ মোঃ সাইদুর রহমান শামীম, উপজেলা সমবায় কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১৪ | জনাব ইকবাল হোসেন, পল্লী সঞ্চয় ব্যাংক, ফেঞ্চুগঞ্জ |
| ১৫ | জনাব নিজামুল হক, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১৬ | জনাব তথ্যসেবা কর্মকর্তার প্রতিনিধি, ফেঞ্চুগঞ্জ |

অনুপস্থিত অফিসারের তালিকা ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি |
| ০৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |

অনুপস্থিত জনপ্রতিনিধিদের তালিকা ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ এমরান উদ্দিন, চেয়ারম্যান, ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | জনাব মোঃ বদরুদোজ্জা, চেয়ারম্যান, ১নং ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | জনাব এনায়েত আহমদ রাসেল, ভারপ্রাপ্ত চেয়ারম্যান, ২নং মাইজগাও ইউপি, ফেঞ্চুগঞ্জ |